

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৭৯৭

২٩/ শिष्ठाठात (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৫৪. "লা ইলাহা ইল্লাল্লাহ " এর ফ্যীলাত

بَابِ فَضِلْ لَا إِلَهَ إِلَّا اللهُ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ، حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ مَنْظُورٍ، حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عُقْبَةَ، عَنْ أُمِّ هَانِئٍ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ لاَ يَسْبِقُهَا عَمْلُ وَلاَ تَتْرُكُ ذَنْبًا " .

বাংলা

8/৩৭৯৭। উম্মু হানী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (বান্দার) কোন আমলই ''লা ইলাহা ইল্লাল্লাহ'' -কে অতিক্রম করতে পারে না এবং তা কোন গুনাহকেই (মাফ না করিয়ে ছাড়ে না।

English

It was narrated that Umm Hani' said:

"The Messenger of Allah() said: (About saying) La ilaha illah - no deed takes precedence over it and it does not leave any sin.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাখরীজু কালিমাতুল ইখলাস ৫৬ নং পৃষ্ঠা। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী যাকারিয়া মানযুর সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু আহমাদ আল-আসকারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। আবু বিশর আদ-দাওলাবী বলেন, তিনি সিকাহ নয়। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৯৯৬, ৯/৩৬৯ নং পৃষ্ঠা) ২. মুহাম্মাদ বিন উকবাহ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৪৭১, ২৬/১২৭ নং পৃষ্ঠা)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন